তালা উপজেলা পরিষদের জুলাই/ ২০২২ মাসের মাসিক সভার

সভাপতি : ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

সভার তারিখ : ৩১/০৭/২০২২খ্রি:

সভার সময় : সকাল ১১.৩০ টা

সভার শুরুতে সভাপতি আজকের সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সহযোগিতা কামনা করেন। অতঃপর মাসিক সভার সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিধি মোতাবেক সভার কাজ শুরু করেন।

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ :
সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয় । অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়:

০২। বিভাগীয় আলোচনা:

(ক) উপজেলা প্রকৌশলীর কার্যালয়:

(১) উপজেলা প্রকৌশলী সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার Connectivity বৃদ্ধি একটি দক্ষ সড়ক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সড়ক এবং সড়ক অবকাঠামোর সুবিন্যস্ত তথ্য সম্বলিত একটি নির্ভরযোগ্য রোড ইনভেন্টরী তৈরির জন্য সকল প্রকার সড়ক ইনভেন্টরীতে অন্তর্ভূক্তির বিকল্প নাই। কিন্তু অনেক গুরুত্বপূর্ণ গ্রাম সড়ক রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত না হওয়ার কারণে সে সকল সড়ক উন্নয়ন করা সম্ভব হচ্ছে না। ফলে "আমার গ্রাম - আমার শহর" শীর্ষক প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের পল্লী অবকাঠামো উন্নয়নের কাংখিত সুফল গ্রামীণ জনগণের নিকট পৌছানো কষ্টসাধ্য হয়ে পড়েছে। এ জন্য তালা উপজেলার যে সকল গ্রাম সড়ক এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করা হয়নি সে সকল সড়ক আইডিভূক্ত করা খুবই জরুরী। উপজেলা প্রকৌশলীর কার্যালয় থেকে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মাধ্যমে একটি তালিকা (পরিশিষ্ট-ক) প্রস্তুত করা হয়েছে। যাহা এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করার জন্য অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং সিদ্ধান্ত অনুযায়ী উল্লিখিত সড়কগুলো এলজিইডি'র গেজেটে অর্ন্তভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

(২) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, অত্র উপজেলায় ২৯(উনত্রিশ)টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অব্যবহৃত ও জরাজীর্ণ পুরাতন ভবন অপসারণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার লিখিতভাবে জানান। পরবর্তীতে বিদ্যালয়ের ভবন পরিদর্শন করে দেখা যায় যে, বিদ্যালয়ের ভবনগুলো ব্যবহার অনুপোযোগী ও মেরামত অযোগ্য এবং শিশুদের জন্য পাঠদানে অধিক ঝুঁকিপূর্ণ ও পরিত্যক্ত হওয়ার কারণে নিলামের নিমিত্তে সরেজমিনে পরিদর্শন করে (কপি সংযুক্ত) বিদ্যালয়গুলোর ভবন অপসারণের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলায় প্রাথমিক শিক্ষার পরিবেশ উন্নয়নে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলিতমূল্য (টাকা দশ লক্ষ তিরাশি হাজার নয়শত আটাত্তর টাকা মাত্র) সভায় অনুমোদন করা হয় এবং ভবনগুলো নিলামের মাধ্যমে দ্রুত অপসারণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। বহুল প্রচারের জন্য সীমিত পরিসরে **০১টি স্থানীয় পত্রিকায়** প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের দাখিলকৃত প্রকল্প উপজেলা যাচাই-বাছাই কমিটির সুপারিশক্রমে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে জুন/২০২২ এর (পরিশিষ্ট-খ) তে উল্লেখিত প্রকল্পগুলোর প্রাক্কলন এবং পিআইসি কমিটি অনুমোদনের জন্য সভায় সকলে একমত পোষন করেন এবং এলজিইডি'র সর্বশেষ রেট সিডিউল অনুসরণ করে অবশিষ্ট স্কীমগুলো প্যাকেজ অনুযায়ী দ্রুত সীমিত দরপত্র (LTM) পদ্ধতিতে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা
... পত্রিকায় প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।

CamScanner

(৪) উপজেলা নির্বাহী অফিসার জানান যে,
বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে মিটিং রুমে নতুন আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ছ) অনুচ্ছেদ অনুযায়ী ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা ব্যয়ে দুইটি পিআইসি কমিটির মাধ্যমে নতুন আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহীত হয়।

(৫) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.৬৮.০০১০.০০০.০০.০২২.২১.১০৪৭ তারিখ ০৩/১২/২০২০ খ্রিঃ মূলে গ্রামীণ সড়ক টেকসই ও রক্ষণাবেক্ষণের জন্য সড়কে পাশ হতে কমপক্ষে ১০ ফুট দুরত্বে এবং ৪৫ ডিগ্রি স্লোপ (ঢাল) রেখে পুকুর/জলাশয় খনন করতে হবে মর্মে পরিপত্র জারি করা হয়েছে। গ্রামীণ সড়কের পাশে প্রচলিত আইন/বিধি বিষয়ের ব্যত্যয় ঘটিয়ে কোনো পুকুর, কূপ বা সেচ নালা খনন করা হলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে। তাছাড়া কখনও কখনও ঘের মালিকগণও পাকা রাস্তা মৎস্য ঘেরের বেড়ী হিসেবে ব্যবহার করলেও তারা কখনো রাস্তার স্লোপে মাটি কেটে মেরামত করেন না। অধিকন্তু নিয়মবহির্ভূতভাবে গ্রামীণ রাস্তার ধারণ ক্ষমতার অতিরিক্ত বালি ভর্তি ট্রাক বা ট্রলি পাকা রাস্তাসহ কাচা রাস্তার ক্ষতি সাধন করছে। যা বন্ধ করা জরুরি।

সভায় বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ সড়ক সংরক্ষণের জন্য সকল ইউনিয়নের চেয়ারম্যানগণকে এ বিষয়ে মাইকিং করার জন্য অনুরোধ করা হলো এবং প্রয়োজন সাপেক্ষে পরবর্তীতে মোবাইল কোর্টের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(৬) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, অত্র উপজেলায় ৮ নং মাগুরা ইউনিয়ন পরিষদ ও ৯ নং খলিষখালী ইউনিয়ন পরিষদ ভবন জরাজীর্ণ এবং যেকোন মূহূর্তে ভেঙ্গে পড়ে জীবনহানির সম্ভবনা রয়েছে এবং নতুন ভবন না থাকায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নতুন ভবন নির্মাণের জন্য লিখিতভাবে অবগত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে স্থানীয় সরকারের যেকোন সেবা যেমন: বিধাব ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, গ্রাম্য সালিশ, দশ টাকা কার্ডে চাল বিতরণ, ভিজিডি, ভিজিএফ, জন্ম নিবন্ধনসহ অন্যান্য সকল সেবার সুযোগে উক্ত ইউনিয়ন পরিষদের নাগরিকদের সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের সেবা গ্রহীতাদের সহজে সেবা প্রাপ্তির জন্য স্ব-স্ব স্থানে ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(৭) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা জানান যে, ৩ নং সরুলিয়া ইউনিয়নের (১,২ ও ৩) নং ওয়ার্ডে ছোট কাশীপুর ঋষিপাড়া ও খোর্দ্দ ঋষিপাড়া রাস্তায় অতিবর্ষণের কারণে ২-৩ ফুট গর্ত হওয়ায় জনগণকে পানি বন্দী অবস্থায় থাকতে হচ্ছে বিধায় তাৎক্ষণিক এ বন্যা পরিস্থিতির মোকাবেলায় করা অতীব জরুরী। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা ব্যয়ে দুইটি পিআইসি কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহীত হয়।

(৮) বিষয় : সাতক্ষীরা জেলার তালা উপজেলা পরিষদের অভ্যন্তরে জাতির পিতা বঙ্গবন্ধু স্মৃতি পাঠাগার নির্মাণ এবং উপজেলায় আগত সেবা প্রার্থীদের বিশ্রামাগার ও পার্কিং সেড নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত অর্থ ব্যবহারের প্রশাসনিক অনুমোদন

আলোচনা : উপজেলা প্রকৌশলী জানান যে, সাতক্ষীরা জেলার তালা উপজেলা পরিষদের নতুন ভবনের নির্মাণ কাজ প্রক্রিয়াধীন রয়েছে। খুব শীঘ্রই কাজ শুরু হবে। তিনি সভাকে অবহিত করেন যে, তালা উপজেলা পরিষদের অভ্যন্তরে জাতির পিতা বঙ্গবন্ধু স্মৃতি পাঠাগার নির্মাণ এবং উপজেলায় আগত সেবা প্রার্থীদের বিশ্রামাগার ও পার্কিং সেড নির্মাণ প্রকল্প প্রকল্প বাস্তবায়ন করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত অর্থ ব্যবহারের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন।

CamScanner

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা প্রকৌশলীর প্রস্তাবের আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা

| ক্র: | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | তালা উপজেলা পরিষদের অভ্যন্তরে জাতির পিতা বঙ্গবন্ধু স্মৃতি পাঠাগার ভবন নির্মাণ | ২০,০০,০০০ /= | |
| ২ | উপজেলায় আগত সেবা প্রার্থীদের বিশ্রামাগার ও পার্কিং সেড নির্মাণ | ১০,০০,০০০ /= | |

(৯) বিষয় : তালা উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেণ মেরামত, উপজেলা পরিষদের অভ্যন্তরে নিচু জায়গা ভরাট, নন-গেজেটেড কোয়ার্টার মেরামত, ডরমিটরি ভবন মেরামত ও সংস্কার, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও সংস্কার করার জন্য প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র যোগাযোগ.

আলোচনা : সভায় উপজেলা প্রকৌশলী বলেন যে, তালা উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেণ মেরামত, উপজেলা পরিষদের অভ্যন্তরে নিচু জায়গা মাটি ভরাট, নন-গেজেটেড কোয়ার্টার মেরামত, ডরমিটরি ভবন মেরামত ও সংস্কার, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও সংস্কার করা অতি আবশ্যক । কিন্তু প্রয়োজনীয় অর্থের অপ্রতুলতার কারণে উক্ত কাজগুলো করা সম্ভব হচ্ছেনা। সে কারণে উক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র যোগাযোগ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উল্লিখিত বিষয়ে বরাদ্দ চেয়ে পত্র যোগাযোগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। প্রকল্পের নাম ও যাচিত অর্থের পরিমাণ নিম্নরূপ :

| ক্রমিক | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেন মেরামত | ৫,৫০,০০০/- | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও সংস্কার | ৯,০০,০০০/- | |
| ৩ | উপজেলা পরিষদের অভ্যন্তরে নিচু জায়গা ভরাট | ৬,০০,০০০/- | |
| ৪ | ডরমিটরি ভবন মেরামত ও সংস্কার | ৭,০০,০০০ /= | |
| ৫ | গেজেটেড কোয়ার্টার মেরামত-০১ (Twin quarter) | ৮,০০,০০০ /= | |
| ৬ | নন-গেজেটেড কোয়ার্টার মেরামত-০২ (Twin quarter) | ৭,৫০,০০০ /= | |
| | মোট | ৪৩,০০,০০০/- | |

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, তালা, সাতক্ষীরা

(খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :

আলোচনা : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, সাধারণ কাবিটা/ কাবিখা ১ম পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। ৩য় পর্যায়ের ২য় ধাপের ভূমিহীন ও গৃহহীনদের পুর্নবাসনের জন্য আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন ১০০টি গৃহ নির্মাণের কাজ ইতোমধ্যে ৯৫% সমাপ্ত হয়েছে। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের বীরনিবাস প্রকল্পের কাজ চলমান রয়েছে। অতি দ্রুতই কাজগুলি শেষ হবে বলে তিনি সভাকে জানান। ইজিপিপি প্রকল্পের ২টির কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ২টির কাজ চলমান রয়েছে। এ ছাড়া অফিসের কার্যক্রম বিধি মোতাবেক সুষ্ঠুভাবে চলছে।

(গ) উপজেলা শিক্ষা অফিস :

CamScanner

(ঘ) উপজেলা মাধ্যমিক শি[illegible]

আলোচনা : সভায় উপস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, এ উ[illegible] বিষয়ভিত্তিক শিক্ষক প্রায় ১৮০ জনের তথ্য পাওয়া গিয়েছে। যেগুলো প্রাপ্যতা যাচাই বাছাই করে কর্তৃপক্ষ বরাবর ০৭ দিনের মধ্যে প্রেরণ করা হবে। [illegible] ছাড়া করোনা ভাইরাস ও শিক্ষার্থীদের মোবাইল অপব্যবহার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানকে অভিভাবক সমাবেশ জোরদার করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।

(ঙ) উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:

আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, ভিজিডি জুন/২০২২ মাসের চাল বিতরণ করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ১২টি ইউনিয়নের মাতৃত্বকালীন ভাতাভোগীদের ভাতা যথানিয়মে পরিশোধ করা হয়েছে। জুন-২০২২ মাসে ১৫টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে।

(চ) উপজেলা যুব উন্নয়ন বিভাগ :

আলোচনা : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তার দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে কার্যক্রম নিম্নরূপ বলে সভাকে জানান।

| ক্রঃ | বিবরণ | | টাকা /পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | মোট ঋণ তহবিল | | ২৫,৩৮,৮০০/- | |
| ০২. | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | | ৪,৭৪,৪৪,০০০/- | |
| ০৩. | চলতি অর্থ বছরে ঋণ বিতরণ | | ----- | |
| ০৪. | চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ | | ৩,০১,৮০০/- | |
| ০৫. | চলতি মাসে আদায়কৃত টাকার পরিমাণ | | ৩৯,৪৭০০/- | |
| ০৬. | চলতি মাসে আদায়ের হার | | ৯১.২৫% | |
| ০৭. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | | ৪,১৬৪৪২০০/- | |
| ০৮. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত | | ৪০১৬২৩২৯/- | |
| ০৯. | ক্রমপুঞ্জিত আদায়ের হার | | ৯৬.৪৪% | |
| ১০. | চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ন খেলাপী টাকার পরিমান | | ৮০১৪৭১/- | |
| ১১. | চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমাণ | | ৬৮০৪০০/- | |
| ১২. | ২০২১-২২ অর্থ বছরের প্রশিক্ষণ (জোরদার করন) | | ০০ জন | |
| ১৩. | ২০২১-২২ অর্থ বছরের প্রশিক্ষণ (রাজস্ব) | | ০০ জন | |
| ১৪. | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে ( জোরদার-১৯৭২+রাজস্ব৭১১৭) | | ৯০৮৯ জন | |
| ১৫. | চলতি অর্থ বছরে আত্মকর্মী | | ৭ জন | |
| ১৬. | ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে | | ৩৭২৯ জন | |
| ১৭. | ঋণ গ্রহীতার সংখ্যা | রাজস্ব= | ১৯৩০ জন | |
| | | জোরদারকরণ প্রকল্পে= | ০৮ জন | |
| | | পরিবার= | ২৮০ জন | |

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে রাজস্ব খাতে ১৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে ১৪টি ব্যাচে (৩০x১৪)=৪২০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা (উন্নয়ন ১,৯৭২+রাজস্ব ৭,১১৭)=৯,০৮৯ জন। চলতি অর্থবছরে আত্মকর্মী করা হয়েছে রাজস্ব-৭ জন, ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা (উঃ ০+ রাঃ ৩,৭২৯)=৩,৭২৯জন। ক্রমপঞ্জিত ঋণ বিতরণের পরিমান ৪,৭৪,৪৪,০০০/-টাকা। মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপীর পরিমাণ ৮,০১,৪৭১/-টাকা। কিস্তি খেলাপী টাকার পরিমাণ ৬,৮০,৪০০/-টাকা। চলতি মাসে ঋণ আদায়ের হার ৯১.২৫% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার-৯৬.৪৪%। করোনা ভাইরাস (কোভিড-১৯)এর কারণে সকল প্রকার ঋণ আদায় বন্ধ থাকার কারনে কিস্তি খেলাপী ও মেয়াদীত্তোর্ণ খেলাপীর পরিমাণ আদায়ের হার কম হয়েছে। এ ছাড়া তার কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান।

(ছ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তালা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান যে, জুন/২০২২ মাসে ০৩ জন পুরুষকে এবং ১১ জন মহিলাকে স্থায়ী পদ্ধতি গ্রহণেরর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ১০ বছর মেয়াদী আইইউডি-২৬জন, ৩ বছর মেয়াদী ইমপ্লান্ট ৫৮ জনকে প্রদান করা হয়েছে। উপজেলার সিএআর-৭৯.২৮%। মা ও শিশু স্বাস্থ্য সেবার এএনসি -১০৬৭ জন, পিএনসি-১৮২ জন, ডেলিভারী-২৫ জন, শিশু-১৮৮৫ জন এবং সাধারণ রোগী ৫৯৩৮ জনকে সেবা দেয়া হয়েছে। এ ছাড়া খলিলনগর ইউনিয়ন পরিষদ হতে FWCতে ১টি আলমিরা, ৬১টি চেয়ার এবং ১১টি টেবিল, ইসলামকাটি ইউনিয়ন পরিষদ হতে FWCতে ৪টি চেয়ার, মাগুরা ইউনিয়ন পরিষদ হতে FWCতে ৮টি চেয়ার, খেশরা ইউনিয়ন পরিষদ হতে FWCতে ১টি বিপি মেশিন ও ৮টি চেয়ার প্রদান করায় তিনি উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের পক্ষ থেকে চেয়ারম্যান মহোদয়গণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সিদ্ধান্ত : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তালা-কে অনুরোধ করা হয়।

CS CamScanner

(ড) কৃষি বিভাগ .

আলোচনা : সভায় উপজেলা কৃষি অফিসার, তালা জানান যে, কৃষকদের উদ্বুদ্ধ করতে ইতোমধ্যে কৃষকদের মাঝে প্রণোদনা প্রদান করা হয়েছে। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ ভালভাবে চলছে ।

(ঝ) মৎস্য বিভাগ :

আলোচনা : সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তালা জানান যে, তাঁর দপ্তর হতে এ উপজেলার ৩টি খালের মধ্যে বেগুনদাড়া খাল ও কোবরাখালী খাল ইতোমধ্যে খনন করা হয়েছে এবং গোপালপুর কালের খনন কাজ প্রায় শেষের পথে রয়েছে। উক্ত খননকাজে তিনি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহায়তা কামনা করেন। এ ছাড়া তার দপ্তরের কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ঞ) সমাজসেবা বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভিন্ন প্রকার ভাতাভোগীদের সেবা যথাযথভাবে প্রদান করা হচ্ছে। এ ছাড়া অফিসের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ট) পল্লী সঞ্চয় ব্যাংক :

আলোচনা : সভায় ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তালা জানান যে, তার দপ্তরের কার্যক্রম নিম্নরূপ :

১। মোট সমিতির সংখ্যা= ৩০৫ টি

২। মোট সদস্য সংখ্যা= ১৩,৯৮৫ জন

৩। সদস্যের নিজস্ব সঞ্চয় জমার পরিমাণ=১২,৮৮,৮৬,৭৪২/-(কথায়:বারো কোটি আটাশি লক্ষ ছিয়াশি হাজার সাতশত বিয়াল্লিশ টাকা মাত্র)।

৪। সরকারি কল্যাণ অনুদান এর পরিমাণ= ৬,৩৫,৩২,৪৩১/- (কথায়ঃ ছয়কোটি পঁয়ত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত একত্রিশ টাকা)

৫। ঘূর্ণায়মান ঋণ তহবিলের পরিমাণ= ৭,৯৯,৪১,৯৮৬/- (কথায়ঃ সাত কোটি নিরানব্বই লক্ষ একচল্লিশ হাজার নয়শত ছিয়াশি টাকা)।

৬। অত্র শাখায় ঋণ বিতরনের পরিমাণ= ২৯,৭২,২৪,৭৬৯/ (কথায়ঃ উনত্রিশ কোটি বাহাত্তর লক্ষ চব্বিশ হাজার সাতশত উনসত্তর টাকা)।

৭। অত্র শাখায় ঋণ আদায়ের পরিমাণ = ২৫,৬৩,৩১,৫২৭/- (কথায়ঃ পঁচিশ কোটি তেষট্টি লক্ষ একত্রিশ হাজার পাঁচশত সাতাশ টাকা মাত্র)।

| ক্রমিক | ট্রেডের নাম | ঋণ গ্রহন কারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | গবাদি পশুপালন | ৫১৫০ জন | |
| ২ | মাৎস্যচাষ | ২৪১০ জন | |
| ৩ | হাঁস-মুরগিপালন | ৫২০ জন | |
| ৪ | পান চাষ | ১৫৮ জন | |
| ৫ | ধান চাষ | ২৮৫ জন | |
| ৬ | অন্যান্য | ১২৪ জন | |
| | মোট | ৯৪৪৭ জন | |

তার দপ্তরের খেলাপী ঋণ হ্রাসের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহায়তা প্রয়োজন। ঋণ আদায় সন্তোষজনক। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ঠ) খাদ্য বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন যে, সরকার সারাদেশে ধান ক্রয় করছে। তিনি আগ্রহী ধানচাষীদের সরকারের নিকট ধান বিক্রির জন্য সভার মাধ্যমে পুনরায় অনুরোধ করেন। এ বিষয়ে ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জনে তিনি জনপ্রতিনিদের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন। এ ছাড়া তার বর্তমান অস্থায়ী অফিসের ছাদে ফাটল ধরেছে, ছাদের পানি নিষ্কাশন হওয়ার জন্য কোন ব্যবস্থা নেই এবং অফিসের পানির লাইন মেরামত করা জরুরী। তিনি উক্ত সমস্যাগুলি দ্রুত সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।বিষয়ে সভায় আলোচনান্তে সমাধানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(ড) স্বাস্থ্য বিভাগ :

সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, তালা উপজেলায় করোনার বুষ্টার ডোজ প্রদান করা হয়েছে। যদি কেউ বাদ পড়ে থাকেন, তাহলে তাদেরকে বুষ্টার ডোজ গ্রহণের জন্যে এ সভার মাধ্যমে জনসাধারণকে অনুরোধ করেন। এ ছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম ভালভাকে চলছে বলে তিনি সভাকে জানান।

CamScanner

(চ) বিআরডিবি বিভাগ :

আলোচনা : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে,বিআরডিবি তালা উপজেলা গ্রামীণ আর্থ সামাজিক উন্নয়নে কৃষক, বিত্তহীন পুরুষ ও মহিলাদের সুসংগঠিত করে সমিতি ও দলের সদস্যদের কৃষি উৎপাদন ও অন্যান্য আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডে ঋণ সহায়তা প্রদান করাসহ ক্ষুদ্র ক্ষুদ্র শেয়ার ও সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠনে সহায়তা করে যাচ্ছে। বিআরডিবি ১৯৮২ সাল হতে শুরু করে জুলাই/২২ পর্যন্ত নিম্নরূপ অগ্রগতি অর্জন করতে সক্ষম হয়েছে।

মাসের নাম ঃ জুলাই/২০২২(লক্ষ টাকায়)

| প্রকল্প/কর্মসূচির নাম | সমিতি/দল | সদস্য সংখ্যা | মূলধন গঠন | ঋণ বিতরণ | আদায় | খেলাপী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|
| কৃষক সমবায় সমিতি | ১০০টি | ২৫২৩ জন | ১৭৩.৩৭ | ৫৬৭০.৭২ | ৫০৮৩.৬৩ | ২৬.৮৬ | ৯৯% |
| মহিলা সমবায় সমিতি | ৪৭টি | ১৯৭৮জন | ১০৯.৮৯ | ৩৭৩৬.৫৯ | ৩৩৯৬.৫২ | ৯.৩০ | ৯৯% |
| সদাবিক কর্মসূচি | ৬২টি | ২০৮১জন | ৩৩.৭৫ | ১৫২৭.৪২ | ১৩৯৯.৬৯ | ১২.৯৯ | ৯৯% |
| পল্লী প্রগতি কর্মসূচি | ২১টি | ৫১৬জন | ১০.৭৫ | ৫১৮.০০ | ৪৬১.৩৫ | ৩.৮৬ | ৯৯% |
| অস্বচ্ছল মুক্তিযোদ্ধা | -- | ৬৫জন | -- | ২৫.৭৬ | ২২.৭৫ | ০.০১ | ৯৯% |
| অপ্রধান শস্য কর্মসূচি | ২৫টি | ৪৫৫জন | ৯.৫৮ | ৬৪.৫০ | ৩২.২৯ | -- | ১০০% |
| মোট= | ২৫৫টি | ৭৮৭৪ জন | ৩৩৭.৩৪ | ১১৫৪২.৯৯ | ১০৩৯৬.২৩ | ৫৩.০৪ | ৯৯% |

| কর্মসূচির নাম | স্কীম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা | স্কীম বাস্তবায়ন | স্কীম বাস্তবায়নের হার |
|---|---|---|---|
| অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প | ৮০ টি | ৭৮ টি | ৯৭% |

সিদ্ধান্ত : বিষয়ে সভায় আলোচনা হয় এবং কাজের এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(ণ) উপজেলা তথ্য আপা প্রকল্প অফিস :

আলোচনা : জনাব সাথী রানী রায়, তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প ( ২য় পর্যায়), তালা, সাতক্ষীরা সভায় বলেন যে, তিনি নিয়মিত উঠান বৈঠক করছেন। গ্রামীণ সুবিধাবঞ্চিত নারীদের নিয়ে তার দপ্তর উপজেলাব্যাপী ডোর টু ডোর এবং উঠান বৈঠকের মাধ্যমে সেবা কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। উঠান বৈঠকে জনপ্রতিনিধিদের আমন্ত্রণ জানানোর জন্য তথ্য আপাকে পরামর্শ প্রদান করা হয়।

(ত) উপজেলা উন্নয়ন পরিচালন বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জনাব তালিম হোসেন বলেন যে, ২০১৯-২০ অর্থবছরে জাইকার সহযোগিতায় উপজেলা প্রকৌশলীর তত্বাবধানে এ উপজেলায় নিম্নলিখিত ২টি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্প দুটি নিম্নরূপ:

(১) তালা সরকারি বি দে স্কুলের সামনে হতে মুক্তিযোদ্ধা অফিস পর্যন্ত নিষ্কাশন নালা নির্মাণ প্রকল্প :প্রাক্কলিত অর্থের পরিমাণ: ১৩,৫০,২৯৫/- (টাকা তের লক্ষ পঞ্চাশ হাজার দুইশত পঁচানব্বই মাত্র) টাকা (ভ্যাট ও আয়করসহ)

(২) তালা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা মোকাবেলার জন্য যন্ত্রপাতি সরবরাহকরণ প্রকল্প : প্রাক্কলিত/চুক্তিকৃত অর্থের পরিমাণ : ৭,১৫,৭৫০/- (টাকা সাত লক্ষ পনের হাজার সাতশত পঞ্চাশ মাত্র) টাকা (ভ্যাট ও আয়করসহ)

সভায় তিনি আরও জানান, প্রকল্প ২টির কাজ সমাপ্ত হয়েছে। ঠিকাদার তার বিল দাখিল করেছেন। উপজেলা প্রকৌশল দপ্তর বাস্তবায়িত প্রকল্পের গুণগত মান সম্পর্কে নিশ্চিত করেছেন। এক্ষণে সংশ্লিষ্ট ঠিকাদারদের বিল প্রদান করা প্রয়োজন।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং তালা উপজেলায় বাস্তবায়িত উক্ত প্রকল্প দুটির বিপরীতে চূড়ান্ত বিল প্রদানের জন্য প্রকল্প পরিচালক, ইউজিডিপি, ১৪, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

CamScanner

(ঘ) বিষয় : দুধের রি-এজেন্টসহ আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহ

আলোচনা : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তালা, সাতক্ষীরা বলেন বাংলাদেশের দুধ উৎপাদনকারী উপজেলার ভিতরে তালা অন্যতম। কিন্তু কিছু অসাধু দুধ ব্যবসায়ী দীর্ঘদিন দুধের মতো অতি প্রয়োজনীয় শিশু খাদ্যের সাথে কৃত্রিম উপায়ে তৈরী ভেজাল দুধ মিশিয়ে আসছে। তারা জাম্বান গাম, তেল, সোডা মিশিয়ে নকল দুধ তৈরী করে বিভিন্নভাবে দেশের বিভিন্ন স্থানে সরবরাহ করছে। উপজেলায় অবস্থিত চিলিং পয়েন্টগুলোকে দুধ ক্রয়ের পূর্বে দুধের ফ্যাট, অ্যালকোহলের উপস্থিতি, ঘনত্ব, সিআরবি ইত্যাদি পরীক্ষা করে দুধ ক্রয়ের নির্দেশনা থাকলেও সেটা তারা মেনে চলছে না। এ ছাড়া বর্তমানে সরকারিভাবে সাতক্ষীরা জেলাতে ভেজাল দুধ পরীক্ষা করার কোন ল্যাব না থাকায় ভেজাল সন্দেহে আটক দুধ পরীক্ষা করা সম্ভব হচ্ছে না।

সিদ্ধান্ত : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষসহ নিরাপদ খাদ্য নিয়ে কাজ করের এমন সংশ্লিষ্ট দপ্তর বরাবর ভেজাল দুধ পরীক্ষা করার জন্য প্রয়োজনীয় রি-এজেন্টসহ জেলা এবং উপজেলায় দ্রুত মিনি ল্যাব স্থাপনের বিষয়ে পদক্ষেপ নিতে পত্র প্রেরণ করতে হবে এবং চিলিং পয়েন্টগুলোকে জবাবদিহিতার আওতায় আনতে হবে।

০৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের বক্তব্য :

(ক) চেয়ারম্যান, সরুলিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, পাটকেলঘাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতি মিলে সরুলিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে জড়িয়ে এডিপির ৩৫ লক্ষ টাকা লোপাট করা হয়েছে মর্মে সমাজের আলো নামক অনলাইন পত্রিকায় সংবাদ পরিবেশন করা হয়েছে। যার কারণে তার সম্মান হানি হয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, তালা উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয় পাটকেলঘাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অস্থায়ী শ্রেণিকক্ষ এবং চেয়ার বেঞ্চ তৈরীর জন্য ২ (দুই) লক্ষ টাকা অনুদান দেয়ার ঘোষণা দেন। কিন্তু এখনো উক্ত প্রকল্পের কোন কমিটি দাখিল করা হয়নি। উক্ত টাকা এখনো পর্যন্ত পরিষদ হতে পাওয়া যায়নি। বর্ণিত অবস্থায় এরুপ খবর প্রকাশিত হওয়ায় তার এবং উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার তথা উপজেলা পরিষদের সম্মান হানি হয়েছে মর্মে তিনি অভিমত প্রকাশ করেন। তিনি উক্ত মিথ্যা খবর প্রকাশের জন্য তীব্র নিন্দা জানান এবং যেহেতু উপজেলা পরিষদের সম্মান হানি হয়েছে, তাই তিনি আজকের এ সভায় সর্বসম্মতভাবে একটি নিন্দা প্রস্তাব গ্রহণের জন্য সভাকে বিনীত অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বিবেচ্য বিষয়ে একটি নিন্দা প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়। পাশাপাশি উক্ত ঘটনার সুষ্ঠু তদন্তপূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, জনস্বার্থে জরুরিভিত্তিতে তার ইউনিয়নের কাঞ্চনপুর ঈদগাহ মোড় হতে হিজলডাঙ্গা ভায়া শিরাশুনী রাস্তা সংস্কার করা এবং নওয়াপাড়া বাজারের পাশে একটি নতুন কালভার্ট নির্মাণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং জরুরীভিত্তিতে উল্লিখিত বিষয়ে পয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী, তালা, সাতক্ষীরা

(গ) চেয়ারম্যান, খানদিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নের বিভিন্ন সরকারি রাস্তার পাশে প্যালাসাইটিং ভেঙ্গে গেছে। অবিলম্বে মেরামত না করলে সরকারি সম্পদ নষ্ট হবে এবং জনভোগান্তি বাড়বে। তা ছাড়া তার ইউনিয়নে দীর্ঘদিন ধরে জমিজমা নিয়ে ২টি পক্ষের মধ্যে বিবাদ চলছে। তিনি উক্ত বিবাদ মিমাংসার জন্য প্রয়োজনীয় সহায়তা কামনা করেন।

(ঘ) চেয়ারম্যান, ইসলামকাটি ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তালা থেকে পাটকেলঘাটা অভিমুখী রাস্তার দু'পাশের গাছ টেন্ডারের মাধ্যমে বিক্রি হয় এবং সেগুলি কর্তনের কাজ চলমান রয়েছে। গাছগুলো কাটার ফলে রাস্তার দু'ধারে গর্তের সৃষ্টি হচ্ছে, যা দুর্ঘটনার অন্যতম কারণ হতে পারে। তাই গর্তগুলো জনস্বার্থে পূরণ করা দরকার। পাশাপাশি ইসলামকাটি ইউনিয়ন পরিষদের সামনের রাস্তা হয়ে ঘোনা বাজার ও মির্জাপুর বাজার অভিমুখী রাস্তা যাতায়াতের জন্য অনুপযোগি হয়ে পড়েছে বিধায় রাস্তাটি দ্রুত সংস্কারের জন্য তিনি জোর দাবী জানান। অধিকন্তু বাউখোলা ইব্রাহিম শেখ এর বাড়ির সামনে থেকে গণডাঙ্গা অভিমুখী রাস্তাটি সংস্কারের জন্য এবং ইসলামকাটি রেজি: অফিসের সামনের রাস্তা হয়ে মাগুরা ফেরিঘাট অভিমুখী রাস্তাটি কার্পেটিং করার জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং জরুরীভিত্তিতে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

CamScanner

(ঙ) চেয়ারম্যান, মাগুরা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নে ইউনিয়ন ভূমি অফিস নেই। সাব অফিস আছে। কিন্তু কোন ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বসেন না। ফলে জনগন হয়রানি হচ্ছে। তিনি তার ইউনিয়নে একটি ভূমি অফিস স্থাপনের দাবী জানান। তা ছাড়া রাত ৮টায় বিদ্যুৎ বন্ধ হয়ে যাওয়ার কারণে রাস্তাঘাটে অজানা লোকের চলাচল বেড়ে গেছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

(চ) চেয়ারম্যান, খেশরা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নের প্রধান ২টি রাস্তা এবং ১টি কালভার্ট সংস্কারের জন্য অনুরোধ করেন। এ ছাড়া তার ইউনিয়নে অবস্থিত ইউনিয়ন ভূমি অফিসে আগত সেবাগ্রাহীদের বসার জন্য একটি গোলঘর নির্মাণের জন্য দাবী জানান।

(ছ) চেয়ারম্যান, তালা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নের ১টি রাস্তা ২০১৯ সালে টেন্ডার হয় কিন্তু এখনো কাজ শুরু হয়নি। তিনি কাজটি দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন।

(জ) চেয়ারম্যান, খলিষখালী ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নের পাটকেলঘাটা-খলিষখালী রাস্তাটি টেন্ডার হলেও ঠিকাদার এখনো কাজ শুরু করেননি। বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন।

০৫। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, রাত ৮টার পর সকল দোকান-পাট বন্ধ হয়ে যাচ্ছে। ফলে এলাকায় চুরি ডাকাতি অসামাজিক কাজ ক্রমান্বয়ে বাড়ছে। তিনি এ বিষয়ে বিশেষ নজরদারী বাড়নোর জন্য পুলিশ বিভাগের প্রতি অনুরোধ করেন।

০৫। উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়িত নৃ-গোষ্ঠীর জন্য বরাদ্দকৃত ৫টি ঘর বরাদ্দ পাওয়া যায়। উক্ত ঘরগুলি নির্মাণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় হতে গঠিত কমিটির মাধ্যমে সকল প্রক্রিয়া সম্পন্ন করে ঘরের নির্মানকাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে উপকারভোগীদের অনুকূলে যথাযথভাবে ঘরের চাবি হস্তান্তর করা হয়েছে । মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প আশ্রয়ণ প্রকল্পের ৩য় পর্যায়ের ২য় ধাপের জন্য বরাদ্দকৃত ১০০টি ঘরের কাজ অত্যন্ত স্বচ্ছতার সাথে বাস্তবায়িত হয়েছে। পাশাপাশি এখন পর্যন্ত এ উপজেলায় ২১০টি আশ্রয়ণ-২ প্রকল্পের ঘর নির্মাণ কাজ শেষে উপকারভোগীদের নিকট হস্তান্তর করা হয়েছে। যাচাই-বাছাইকৃত 'ক' শ্রেণির সংখ্যা অনুযায়ী বর্তমান চলমান ১০০টি ঘরের নির্মাণ কাজ প্রায় সম্পন্নের পথে। উক্ত ঘরের কাজ সমাপ্ত হলে এ উপজেলায় আর কোন 'ক' শ্রেণির (ভূমিহীন ও গৃহহীন) পরিবার অবশিষ্ট থাকবে না। সে লক্ষ্যে তালা উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন উপজেলা হিসেবে ঘোষণা করার প্রস্তাব ইতোমধ্যে জেলা প্রশাসক, সাতক্ষীরা বরাবর প্রেরণ করা হয়েছে।

০৬। জনাব ঘোষ সনৎ কুমার, উপজেলা মাসিক সভার সম্মানিত সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান, তালা তার সমাপনী বক্তব্যে বলেন যে, যে সকল কাজের সাথে একাধিক দপ্তর সংশ্লিষ্ট, যে সকল দপ্তর একত্রে বসে সেগুলো সমাধানের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। পরিশেষে উপজেলা পরিষদের অর্ন্তভুক্ত সকল বিভাগের উন্নয়ন কাজ সম্পর্কে সভাকে অবহিত করার জন্য তিনি সকল বিভাগীয় প্রধানগণকে বিনীত অনুরোধ করেন। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত সকল বিভাগের প্রতিটি কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানান। এ ছাড়া উপজেলা পরিষদের অন্যান্য দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তালা, সাতক্ষীরা

CamScanner

স্মারক নম্বর : ০৫.৪৪.৮৭৯০.০০০.০৬.০০১.২১ - ৮৭৮ (৫০)  তারিখ : ২১.০৭.২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। এড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য-১০৫, সাতক্ষীরা-১ (তালা- কলারোয়া)

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। বিভাগীয় কমিশনার, খুলনা

৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৭-৫০। জনাব------------------------------------------তালা, সাতক্ষীরা

২১/০৭/২২

প্রশান্ত কুমার বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা

২১/৭/২২

CamScanner